



## জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরি অটোমেশন কাজের অগ্রগতি বিষয়ক প্রেজেন্টেশন



১০ জুন ২০২৪- সোমবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরি অটোমেশন কাজের অগ্রগতি বিষয়ে একটি প্রেজেন্টেশন উপাচার্য মহোদয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি এর উপস্থিতিতে প্রেজেন্টেশন প্রদান করেন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোঃ আবু লায়েক।

প্রেজেন্টেশনে স্মার্ট লাইব্রেরির জন্য প্রয়োজনীয় হার্ডওয়্যার এবং সফটওয়্যার নিয়ে আলোচনা করা হয়। গ্রন্থাগারিক মোঃ এনামুল হক জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরি সম্পর্কিত বিভিন্ন তথ্যাদি তুলে ধরেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোঃ আইনুল ইসলাম, আইসিটি সেল এর পরিচালক ড. মোঃ আমিনুল ইসলাম এবং বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।